তারিখ ... 23 MAY 2017
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪

# কওমি সনদের স্বীকৃতির বিরুদ্ধে রিট খারিজ

সমকাল প্রতিবেদক

কওমি মাদ্রাসার সর্বোচ্চ স্তর দাওরায়ে হাদিস পরীক্ষাকে মাস্টার্সের সমমান হিসেবে স্বীকৃতি প্রদানের বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের করা রিট খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। বিচারপতি সৈয়দ মো. দস্তগীর হোসেন ও বিচারপতি মো. আতাউর রহমান খানের হাইকোর্ট বেঞ্চ গতকাল সোমবার এ আদেশ দেন। আদালত জানান, রিটটি যথাযথভাবে উত্থাপিত হয়নি; তাই এটি খারিজ করা হলো।

জানা যায়, গত ১৩ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কওমি মাদ্রাসার সর্বোচ্চ সনদকে সাধারণ শিক্ষার স্নাতকোত্তর ডিগ্রির স্বীকৃতি দিয়ে গেজেট প্রকাশ করে। গেজেটে বলা হয়, বৈশিষ্ট্য বজায় রেখে ও দারুল উলুম দেওবন্দের মূলনীতিগুলোকে ভিত্তি ধরে কওমি মাদ্রাসার দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্সের (ইসলামিক স্টাডিজ এবং আরবি) সমমান প্রদান করা হলো।

এই সমমান দেওয়ার লক্ষ্যে কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান শাহ আহমদ শফীকে প্রধান করে একটি কমিটিও গঠন করে সরকার।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর